# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলা (আবশ্যিক) প্রথম পত্র** বিষয় কোড: | ১ | ০ | ১ |

**সৃজনশীল প্রশ্ন**

সময়: ২ ঘণ্টা ১০ মিনিট পূর্ণমান: ৬০

[দ্রষ্টব্য: প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রত্যেক বিভাগ হতে দু'টি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। গ বিভাগে যে কোনো একটি উপন্যাস থেকে উত্তর করতে হবে। ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক-বিভাগ —গদ্য

১. ▶ হাজি মুহম্মদ মুহসীন এক রাতে তাঁর শয়নকক্ষে জনৈক চোরকে কিছু মালসহ ধরে ফেলেন। তিনি চোরটিকে শাস্তি না দিয়ে তার চুরির কারণ জিজ্ঞেস করেন। চোরটি তার সংসারের অভাবের কথা তুলে ধরে। হাজি মুহম্মদ মুহসীন চোরটিকে নগদ অর্থ ও খাবার দিয়ে বিদায় করেন।

ক. কমলাকান্ত কোন যুদ্ধের কথা ভাবছিলেন? ১

খ. ধনীর দোষেই দরিদ্র চোর হয়— উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত ঘটনা 'বিড়াল' রচনায় কোন বিশেষ দিকের প্রতিফলন আছে দেখাও। ৩

ঘ. হাজী মুহম্মদ মুহসীনের মতো সব মানুষ দয়া পরবশ হলে সমাজে কাউকে আর চুরি করতে হতো না— উদ্দীপক ও 'বিড়াল' রচনার আলোকে উক্তিটি ব্যাখ্যা করো। ৪

২. ▶ যৌতুকের জন্য বিয়ে ভেঙে যাওয়ায় ফারজানা আক্তার আর বিয়ে না করার সিদ্ধান্ত নেন। তিনি তার জীবনকে অবহেলিত নারী সমাজের উন্নয়নের জন্য উৎসর্গ করেন।

ক. কন্যাকে আশীর্বাদ করার জন্য কাকে পাঠানো হলো? ১

খ. মামা বিয়ে বাড়িতে স্যাকরা নিয়ে এসেছিলেন কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত বিষয়টি 'অপরিচিতা' গল্পের কোন ঘটনার ইঙ্গিত দেয়'— আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকের ফারজানা আক্তার ও 'অপরিচিতা' গল্পের কল্যাণী মানসিক দৃঢ়তা ও প্রতিবাদী চেতনার পরিচয় দিয়েছে— উক্তিটির যথার্থতা বিচার করো। ৪

৩. ▶ মানুষ তার স্বপ্নের সমান বড়। প্রতিটি মানুষই অসীম শক্তির আধার। নিজের শক্তি কাজে লাগাতে পারলে মানুষ অসাধ্য সাধন করতে পারে?

ক. কাজী নজরুল ইসলাম কত সালে জন্ম গ্রহণ করেন? ১

http://teachingbd.com

খ. আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে- কথাটি বুঝিয়ে দাও। ২

গ. উদ্দীপকে বর্ণিত বক্তব্য 'আমার পথ' প্রবন্ধে কোন বিষয়ে প্রতিফলন আছে? ৩

ঘ. 'মানুষ তার স্বপ্নের সমান বড়'— উদ্দীপকের এই উক্তিটি 'আমার পথ' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো। ৪

## খ-বিভাগ —পদ্য

৪. ▶ জগৎ জুড়িয়া এক জাতি আছে

সে জাতির নাম মানুষ জাতি

এক পৃথিবীর স্তন্যে লালিত

একই রবি শশী মোদের সাথি।

ক. আরব দুলাল কে? ১

খ. 'এই হৃদয়ের চেয়ে বড় কোনো মন্দির-কাবা নেই' বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের সঙ্গে সাম্যবাদী কবিতার কোন দিক সাদৃশ্যপূর্ণ ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি সাম্যবাদী কবিতার মূলচেতনাকে ধারণ করেছে— উক্তিটির যথার্থতা বিচার করো। ৪

৫. ▶ আমার ভাইয়ের রক্তে রাঙানো

একুশে ফেব্রুয়ারি

আমি কি ভুলিতে পারি।

ক. কৃষ্ণচূড়া থরে থরে কোথায় ফুটেছে? ১

খ. একুশের কৃষ্ণচূড়া আমাদের চেতনারই রং— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকটির সঙ্গে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার কোন বিষয়ে সাদৃশ্য আছে দেখাও। ৩

ঘ. উদ্দীপকটি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার মূল চেতনাকে ধারণ করে কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

৬. ▶ ১৯৭১ সালের ৭ই মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রেসকোর্স ময়দানে লক্ষ লক্ষ জনতার সামনে দেশের স্বাধীনতার ডাক দেন। বঙ্গবন্ধুর নেতৃত্বে আপামর বাঙালি মুক্তির লড়াইয়ে ঝাঁপিয়ে পড়ে।

ক. নূরলদীনের বাড়ি কোথায় ছিল? ১

খ. 'যখন শকুন নেমে আসে এই সোনার বাংলায়'— বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? ২

গ. 'উদ্দীপকে বর্ণিত বঙ্গবন্ধুর স্বাধীনতার ডাক 'নূরলদীনের কথা মনে পড়ে যায়।' কবিতার কোন বিষয়ের সঙ্গে সাদৃশ্যপূর্ণ দেখাও। ৩

ঘ. বঙ্গবন্ধু-ই বাঙালি জাতির দুঃসময়ে 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' প্রবন্ধে বর্ণিত জাতির ত্রাণকর্তার ভূমিকায় অবতীর্ণ হয়েছিলেন— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

## গ-বিভাগ —সহপাঠ

৭. ▶ জীর্ণ জোব্বা-পাগড়ি আর ভগ্ন স্বাস্থ্যের রফিক নামের এক ব্যক্তি রামপুর গ্রামে এসে মসজিদে অবস্থান নেন। মানুষকে জানান, তিনি ধর্মপ্রচারে এখানে এসেছেন। গ্রামের মানুষ তার থাকা ও খাওয়ার ব্যবস্থা করে। রফিক গ্রামের মানুষকে পানিপড়া ও তাবিজ দেওয়া শুরু করেন। কেউ অসুস্থ হলে জ্বিনে ধরেছে বলে তা তাড়ানোর ব্যবস্থা নেন। মানুষের দানে আর হাদিয়ায় অল্পদিনে তার আর্থিক অবস্থার উন্নতি ঘটে।

ক. আওয়ালপুরের পিরের পূর্বপুরুষ কোথায় বাস করতো? ১

খ. আওয়ালপুরের পিরের আগমনে মজিদ শঙ্কিত হয়ে ওঠে কেন? ২

গ. উদ্দীপকের রফিক চরিত্রের সঙ্গে 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের মিল আছে দেখাও। ৩

ঘ. আমাদের সমাজে কিছু মানুষ ধর্মকে ব্যবসার হাতিয়ারে পরিণত করে। উদ্দীপক ও লালসালু উপন্যাসের আলোকে মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

Teachingbd.com

৮. ▶ নিশ্চিতপুর গ্রামে কোনো স্কুল নেই। গ্রামের বেশির ভাগ মানুষ শ্রমজীবী। পাঁচ মাইল দূরের স্কুলে সন্তানকে পাঠানোর আগ্রহ তাদের নেই। গ্রামের মক্তবের পড়াশোনাই তাদের ভরসা। শিক্ষিত যুবক আশফাক গ্রামে একটি স্কুল প্রতিষ্ঠার উদ্যোগ নেয়। কিন্তু মক্তবের মৌলভী সাহেব মাতব্বরদের বুঝাতে সক্ষম হন যে, স্কুল হলে গ্রামে বখাটে ছেলেদের আড্ডা ও আনাগোনা বাড়বে পড়াশুনার জন্য মক্তবই যথেষ্ট। মাতব্বরদের বাধায় আশফাকের স্কুল গড়ার প্রচেষ্টা থমকে যায়।

ক. আমেনা বিবি কত বছর বয়সে খালেক ব্যাপারীর সংসারে প্রবেশ করে। ১

খ. মজিদ আমেনা বিবির প্রতি ক্রুদ্ধ কেন। ২

গ. উদ্দীপকের আশফাক চরিত্রটি 'লালসালু' উপন্যাসের আক্কাস চরিত্রের সঙ্গে সাদৃশ্যপূর্ণ-- আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকের মৌলভী ও 'লালসালু' উপন্যাসের মজিদ নিজেদের স্বার্থ হানির ভয়ে আধুনিক শিক্ষাকে ভয় পায়— উক্তিটির যথার্থতা বিচার করো। ৪

৯. ▶ সেনাপতি! ছি ছি একি! হা ধিক তোমারে

কেমনে বল না হায়।

কাষ্টের পুতুল প্রায়

সুসজ্জিত দাঁড়াইয়া আছে এক ধারে।

ক. ইংরেজরা গোপনে কোথায় অস্ত্র মজুত করেছে? ১

খ. নবাব সিরাজ কেন ফোর্ট উইলিয়াম দুর্গ আক্রমণ করেন। ২

গ. উদ্দীপকের কবিতাংশে বর্ণিত বিষয়টি 'সিরাজউদ্দৌলা' নাটকের সঙ্গে কীভাবে সঙ্গতিপূর্ণ ব্যাখ্যা করো। ৩

ঘ. সেনাপতি ও অমাত্যদের বিশ্বাসঘাতকতা নবাব সিরাজের পতনের অন্যতম কারণ— উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে উক্তিটি বিচার করো। ৪

http://teachingbd.com

# বহুনির্বাচনি প্রশ্ন

**সময়: ৪০ মিনিট　　পূর্ণমান: ৪০**

**[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]**

১. সাহিত্যের ঐকতান সংগীত সভায় একতারা যাদের, তাদের সম্মান দিতে বলার মধ্যে যে বিষয়টি মূর্ত হয়ে উঠেছে—
i. সাহিত্যে অবজ্ঞাও যেন সম্মান পায়
ii. সাহিত্যে উপেক্ষিতরাও যেন মর্যাদা পায়
iii. সাহিত্য যেন সর্বপ্রান্ত স্পর্শী হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

২. জাতি-ধর্ম নির্বিশেষে এদেশের মানুষ পয়লা বৈশাখের অনুষ্ঠানে অংশ নেয়। আনন্দ ভাগাভাগি করে। পয়লা বৈশাখ উদযাপনের মধ্যদিয়ে 'সাম্যবাদী' কবিতার কোন চেতনা মূর্ত হয়ে ওঠে?
ক) ঐক্যের চেতনা　খ) জাতীয় চেতনা
গ) অসাম্প্রদায়িক চেতনা　ঘ) সংস্কৃতিক মনস্কতা

৩. 'সেখানে হলুদ শাড়ী লেগে থাকে রূপসীর শরীরে'— রূপসী কে?
ক) বারুণী　খ) কিরণমালা
গ) বিশালাক্ষী　ঘ) শঙ্খমালা

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :
'তোমার স্মৃতির পরশ ভরা
অশ্রু দিয়ে গাঁথবো মালা
নাইবা তুমি এলে।'

৪. উদ্দীপকের যে দিকটির সাথে 'তাহারেই পড়ে মনে' কবিতার সাদৃশ্য আছে—
ক) সৌন্দর্যপ্রিয়তা　খ) স্মৃতিকাতরতা
গ) অভিমান　ঘ) একগুঁয়েমি

৫. নিচের কোন চরণটিতে উদ্দীপকের ভাবের প্রতিফলন ঘটেছে?
ক) যদিও এসেছে তবু তুমি তারে করিলে বৃথাই
খ) তাহারেই পড়ে মনে, ভুলিতে পারি না কোনো মতে
গ) তরী তার এসেছে কী? বেজেছে কি আগমনী গান
ঘ) বাতাবি নেবুর ফুল ফুটেছে কি? ফুটেছে কি আমের মুকুল

৬. ট্রয় নগরী যার প্রতীক—
i. ধ্বংসের　ii. নির্মমতার
iii. ভালোবাসার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

৭. 'তাজা তাজা প্রাণে অসহ্য যন্ত্রণা'— চরণটিতে কবি কী বোঝাতে চেয়েছেন?
ক) প্রতিটি আবেগ প্রবণ অন্তর বেদনা ভারাক্রান্ত
খ) সংবেদনশীলতাই অনুভূতি প্রবণ মনের অন্তরায়
গ) তরুণেরা সংক্ষুব্ধ অসংগতি দেখে
ঘ) তরুণেরা জানে দেশ জাতি মানবতার জন্য রক্ত দানের পণ্য

৮. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় হৃদয়ের হরিৎ উপত্যকা'— দ্বারা কী বোঝানো হয়েছে?
ক) রাজপথকে　খ) পূর্ব বাংলাকে
গ) বধ্যভূমিকে　ঘ) হৃদয়ের উপত্যকাকে

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:
ভয়হারা কোটি অপলক চোখ একাকার হলো সূর্যের অনিমিখে।

৯. উদ্দীপকের ভয়হারা অপলক চোখ কবিতায় কীভাবে এসেছে?
ক) অনিবার্য অভ্যুত্থান হয়ে
খ) দীর্ঘদেহী পুত্রগণ হয়ে
গ) প্রতিরোধের উচ্চারণ হয়ে
ঘ) বিচলিত স্নেহের কথা হয়ে

১০. কবিতায় আসা উক্ত বক্তব্যাবলী কী মনে করিয়ে দেয়?
ক) পলাশী যুদ্ধের কথা　খ) সিপাহী বিপ্লবের কথা
গ) নীল বিদ্রোহের কথা　ঘ) মুক্তিযুদ্ধের কথা

১১. 'লাল সালু' প্রথম প্রকাশিত হয় কোন প্রকাশনা থেকে?
ক) কমরেড পাবলিশার্স　খ) এটলাস পাবলিশার্স
গ) মাওয়া ব্রাদার্স　ঘ) কথাবিতান প্রকাশনা

১২. মহব্বত নগরে সমাজজীবন—
i. কুসংস্কারাচ্ছন্ন
ii. অন্ধ বিশ্বাসে জয় জয়কার
iii. শোষণে নিষ্পেষিত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১৩. 'কলমা জানস না ব্যাটা'— এটা কার উক্তি?
ক) সোলেমানের　খ) খালেক ব্যাপারির
গ) দুদু মিঞার　ঘ) তাহারের

১৪. বিভ্রান্ত বুড়োটির পানে চেয়ে সমবেদনা হয় না কেন?
ক) তাকে দেখে ঘৃণা আসে বলে
খ) বুড়ো তার বউকে ভালোবাসে বলে
গ) বুড়ো তার বউকে ঘৃণা করে বলে
ঘ) তার বউ নির্দোষ করে

১৫. 'লালসালু' উপন্যাসে সাধারণ মানুষের যে বিষয়টি বিদ্যমান—
i. কুসংস্কার　ii. ধর্মভীরুতা
iii. ধর্মান্ধতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) ii ও iii
গ) i ও iii　ঘ) i, ii ও iii

১৬. কার অনুমতি পেয়ে ইংল্যান্ডের ইস্ট ইন্ডিয়া কোম্পানি ভারতে বাণিজ্য কুঠি স্থাপন করে?
ক) বাবর　খ) আকবর
গ) জাহাঙ্গীর　ঘ) হুমায়ুন

১৭. ঘসেটি বেগম হাহাকার করে কেঁদে উঠলেন কেন?
ক) মতিঝিলের জলসা পণ্ড হওয়ায়
খ) অকস্মাৎ সিরাজউদ্দৌলার আগমনে
গ) নবাবের প্রাসাদে থাকতে হবে এ জন্য
ঘ) ইংরেজদের সাথে সম্পর্ক ছেদ হওয়ায়

১৮. ক্লাইভের মতে, নবাবের কোনো ক্ষমতা নেই। তার প্রমাণ হলো—
i. তার প্রধান সেনাপতি বিশ্বাসঘাতক
ii. তার প্রধান অমাত্যরা বিশ্বাসঘাতক
iii. তার সেনাবাহিনীর কিছু অংশ দেশ প্রেমিক
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১৯. 'আপনার বিরাট সেনাবাহিনী চুপ করে দাঁড়িয়ে আছে— 'Starding like pillars —নবাবকে এই সংবাদ দেয়—
ক) মীরমর্দান　খ) মোহনলাল
গ) সাঁফে　ঘ) মীরজাফর

TeachingBD.com

২০. 'মীরন তবু মীরজাফরের পুত্র, কিন্তু তুমি মোহাম্মদী বেগ, তুমি এসেছ আমাকে খুন করতে?'— সিরাজউদ্দৌলার এ কথা বলার কারণ কী?
ক) মীরজাফরের পুত্র মীরণ নীতির প্রশ্নে অনড়
খ) মীরণ অকৃতজ্ঞ হতেই পারে, কিন্তু মোহাম্মদী বেগ অকৃতজ্ঞ হতে পারে না
গ) মীরণ অকৃতজ্ঞ হতে পারে না, মোহাম্মদী বেগ অকৃতজ্ঞ হতে পারে
ঘ) মীরণ ও মোহাম্মদী বেগ দুজনেই অকৃতজ্ঞ হতে পারে

২১. 'আমার পথ' প্রবন্ধটি কোন গ্রন্থের অন্তর্ভুক্ত?
ক) যুগ-বাণী খ) রুদ্রমঙ্গল
গ) দুর্দিনের যাত্রী ঘ) বিষের বাঁশি

২২. 'রেইন কোট' গল্পের প্রিন্সিপালের মুখের রঙ পরিবর্তিত হয়ে উঠল কেন?
ক) খুশিতে খ) ভয়ে
গ) উত্তেজনায় ঘ) দুশ্চিন্তায়

২৩. টার্সিয়ারি যুগের মাছের জীবাশ্ম আছে কোন জাদুঘরে?
ক) বরেন্দ্র জাদুঘরে
খ) কলকাতা জাদুঘরে
গ) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘরে
ঘ) বিজ্ঞান জাদুঘরে

২৪. ফরাসি ভাষায় 'নেকলেস' গল্পটির নাম কী?
ক) La Gaulois খ) La Parure
গ) La Goluois ঘ) La Perore

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:**

সাম্প্রদায়িক বিরোধের ক্ষেত্রে নজরুলের কণ্ঠ ছিল সব সময় সোচ্চার। তার সাহিত্য সাধনায় এ বিরোধের অবসান ঘটিয়ে এক অসাম্প্রদায়িক স্বার্থহীন এক সাম্যের সমাজ প্রতিষ্ঠার স্বপ্ন ফুটে উঠেছে।

২৫. উদ্দীপকে 'আমার পথ' প্রবন্ধের কোন দিকটি ফুটে উঠেছে?
ক) ধর্মের বৈষম্য খ) বর্ণের বৈষম্য
গ) অসাম্প্রদায়িক ভাবনা ঘ) লিঙ্গের বৈষম্য

২৬. উদ্দীপক ও 'আমার পথ' প্রবন্ধের আলোকে নজরুলের চেতনা ধারণ করে—
ক) হিন্দু-মুসলমানের মিলন
খ) সাম্প্রদায়িক বিরোধের অবসান
গ) মানুষের মধ্যে ঐক্য
ঘ) অসাম্প্রদায়িক চেতনা নির্ভর সমাজ নির্মাণ

২৭. 'বায়ান্নর দিনগুলো' রচনায় শেখ মুজিবুর রহমান এর যে চারিত্রিক বৈশিষ্ট্য ফুটে উঠেছে—
i. আত্মত্যাগ
ii. দেশপ্রেম
iii. আপোষহীনতা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) iii ঘ) i, ii ও iii

২৮. 'নেকলেস' গল্পের নিচের কোন বাক্যে লেখকের জীবনের দার্শনিক ভাষ্য ব্যক্ত হয়েছে?
ক) হায়, আমার বেচারী মাতিল দা! আমারটি ছিল নকল
খ) সামান্য একটি বস্তুতে কী করে একজন ধ্বংস হয়ে যেতে পারে আবার বাঁচতেও পারে
গ) নিজেকে সজ্জিত করার অক্ষমতার জন্য সে সাধারণভাবেই থাকতো
ঘ) কিন্তু তা শেষ হয়েছে এবং সে জন্য আমি এখন ভালোভাবেই নিশ্চিত হয়েছি

২৯. 'ওসব এক রকম ছেড়ে দিয়েছে জগু'— 'ওসব' বলতে কী বোঝানো হয়েছে?
ক) মারামারি খ) গালাগালি
গ) নেশা করা ঘ) মামলা করা

৩০. আমার দেশের সভ্যতার সাথে কৃষকের দারিদ্র্য বৃদ্ধির কারণ—
i. রঙিন ও মিহি কাপড়ের আবিষ্কার
ii. জুট ফ্লানেলের ব্যাপক ব্যবহার
iii. কাপড় ধোয়া সোডার ব্যবহার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩১. 'বিড়াল' রচনায় 'নৈয়ায়িক' কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) ন্যায় শাস্ত্রে পণ্ডিত ব্যক্তি
খ) অলঙ্কার শাস্ত্রে পণ্ডিত ব্যক্তি
গ) জ্যোতিষ শাস্ত্রে পণ্ডিত ব্যক্তি
ঘ) তর্ক শাস্ত্রে পণ্ডিত ব্যক্তি

৩২. 'থাকিবার মধ্যে, ভিতরে আছেন মা এবং বাইরে আছেন মামা'— অনুপমের এ উক্তিতে প্রকাশ পেয়েছে তার—
i. অক্ষমতা ii. নির্ভরতা
iii. ব্যক্তিত্বহীনতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৩. 'আগুনের ঝান্ডা' শব্দের অর্থ কী?
ক) অগ্নিকুণ্ডলী খ) অগ্নি পতাকা
গ) আগ্নেয়গিরি ঘ) অগ্নিগোলা

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও:**

সাহস মানুষকে বাঁচিয়ে রাখে। ভয় মানুষকে মৃত্যুর আগেই মৃত্যু পথযাত্রী করে তোলে।

৩৪. উদ্দীপকের মূলভাব প্রকাশ পেয়েছে 'মাসি-পিসি' গল্পের কোন চরিত্রে?
ক) মাসি-পিসি খ) মাসি-আহ্লাদী
গ) পিসি-কৈলাশ ঘ) কৈলাশ-জগু

৩৫. উদ্দীপক ও 'মাসি-পিসি' গল্পের আলোকে বলা যায়—
i. বিপদে সাহস প্রয়োজন
ii. ভয় বিপদ বাড়ায়
iii. মাসি-পিসি দুজনেই সাহসী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৬. 'জীবনে জীবন যোগ করা' বলতে কী বোঝায়?
ক) জীবনে প্রবেশ খ) মানুষের সঙ্গে মেশা
গ) দূরকে নিকট করা ঘ) আত্মীয়তা করা

৩৭. কবি কেন তার পূর্ব পুরুষের কথা বলেছেন?
ক) সাহসী ছিল বলে খ) নিপীড়িত হয়েছে বলে
গ) জমিদার ছিল বলে
ঘ) গৌরবোজ্জ্বল ইতিহাস ছিল বলে

৩৮. প্রকৃতির রহস্যময় সৌন্দর্যের মধ্যে সুগন্ধি পরাগে মাখামাখি হয়ে ওঠে—
i. কবির ঠোঁট
ii. অস্তিত্বের স্বরূপ
iii. কাব্য ভাষা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৯. 'রক্তে আমার অনাদী অস্থি' কবিতায় কয়টি নদীর নাম উল্লেখ করা হয়েছে?
ক) তিনটি খ) চারটি
গ) পাঁচটি ঘ) ছয়টি

৪০. 'বীরেন্দ্রবলী' কাকে বলা হয়েছে?
ক) রাবণকে খ) লক্ষ্মণকে
গ) রামকে ঘ) মেঘনাদকে

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | গ | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ঘ |
| ২১ | ঘ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | ক | ৩২ | ঘ | ৩৩ | খ | ৩৪ | ক | ৩৫ | ক | ৩৬ | ঘ | ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | ঘ | ৪০ | ঘ |

http://teachingbd.com